দামুড়হুদায় ৪টি ইটভাটা গুড়িয়ে দিলো পরিবেশ অধিদপ্তর

চুয়াডাঙ্গার দামুড়হুদায় পরিবেশ অধিদপ্তর অভিযান চালিয়ে চাঁরটি অবৈধ ইটভাটা গুড়িয়ে দিয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তরের তত্বাবধানে খুলনা বিভাগীয় পরিবেশ অধিদপ্তরের নির্বাহী ম্যাজিট্রেট মমতাজ বেগম অভিযান পরিচালনা করেন।

অভিযান সূত্রে জানা যায়, জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার রাইসা ব্রিকস ইটভাটা, বর্ষা ব্রিকস ইটভাটা, চিৎলার হিরো ব্রিকস ইটভাটা ও দেশ ব্রিকস ইটভাটা এ অভিযান চালায় চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তর। এসব ইটভাটার পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সহ কোন বৈধ কাগজ পত্র দেখাতে না পারায় এসব ইটভাটার ইটের গাধুনির ফিক্সর্ড চিমনি ভেঙ্গে দেওয়া হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস, পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক নাইম হোসেন।পরিবেশ অধিদপ্তরের খুলনা বিভাগীয় নির্বাহী ম্যাজিট্রেট মমতাজ বেগম।

চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস বলেন, ভাটার মালিকগন ভাটার বৈধ কেন কাগজপত্র দেখাতে না পারায় ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) অনুযায়ী ৪টি ইটভাটা ভেঙ্গে দেওয়া হয়েছে। এই অভিযান অব্যহত থাকবে বলে ও তিনি জানান।

অভিযানে সহযোগিতা করেন, সেনাবাহিনীর টিম, র্যাব-১২ মেহেরপুর-গাংনী ক্যাম্পের কমান্ডার আব্দুল ওয়াহিদ, চুয়াডাঙ্গা পুলিশের একটি দল, আনসার ও চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি দল।

কুষ্টিয়ায় ইটভাটা মালিকদের ৬ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে চারটি ইটভাটা মালিককে ছয় লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এসময় একটি ইটভাটায় বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়।

আজ সোমবার (২ ডিসেম্বর) দুপুরে জেলার মিরপুর উপজেলার তালবাড়ীয়া ইউনিয়নের চারুলিয়া ও বারুইপাড়া ইউনিয়নের আমকাঠালিয়া ও বলিদাপাড়া এলাকায় এ অভিযান চালানো হয়।

অভিযানে পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের আমকাঠালিয়া এলাকার এমজেবি ব্রিকসের মালিক মাহবুব আলমকে দেড় লাখ টাকা, একেবি ব্রিকসের মালিক এনামুল হক কে দেড় লাখ টাকা, বলিদাপাড়া এলাকার এবি ব্রিকসের মালিক শাহীন আলীকে দেড় লাখ টাকা এবং এমআরবি ব্রিকসের মালিক শরিফুল ইসলাম মুকুলকে দেড় লাখ টাকা করে মোট ছয় লাখ টাকা জরিমানা করা হয়। এছাড়াও তালবাড়ীয়া ইউনিয়নের চারুলিয়া এলাকার, এএরএম ব্রিকসের ড্রাম চিমনি বুলডোজার দিয়ে গুড়িয়ে দেওয়া হয়।

জেলা পরিবেশ অধিদপ্তরের সিনিয়র কেমিস্ট ও (ভারপ্রাপ্ত) উপ-পরিচালক হাবিবুল বাসার জানান, ‘ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন ২০১৩ (সংশোধনী ২০১৮) অনুযায়ী ৪ ভাটা মালিককে ৬ লাখ টাকা জরিমানা করে সতর্ক করা হয়। এছাড়াও ১টি বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়েছে।’

তিনি আরও জানান, জেলায় ১৭০টি ইটভাটা রয়েছে। যার মধ্যে ১৫ ইটভাটার পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র রয়েছে। অবৈধ এসব ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের অভিযান চলমান রাখা হবে।

মেহেরপুরে পরিবেশ অধিদপ্তর ও র্যাবের অভিযান, ভাটা মালিককে জরিমানা

পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয় ও র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর যৌথ অভিযানে ইটভাটা মালিককে এক লাখ ও গাড়ির ৩ চালককে জরিমানা করা হয়েছে।

আজ বুধবার (২৪ জানুয়ারি) দুপুরের দিকে পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগমের নেতৃত্বে পৃথক এই ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান ও র্যাবের একটি দল এসময় উপস্থিত ছিলেন।

কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোসহ নানা অভিযোগে মেহেরপুর সদর উপজেলার টেংরামারী গ্রামে এমআরএইচ ব্রিকস্ এর মালিক মোঃ রুহুল আমিন(৫৫)কে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধনী ২০১৯) ধারায় এক লাখ টাকা জরিমানা করা হয়।

এছাড়া মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে মেহেরপুর আঞ্চলিক পাসপোর্স অফিসের সামনে মহাসড়কের উপর মোবাইল কোর্ট পরিচালনা করে সড়ক পরিবহন আইনের শব্দ দূষণ বিধিমালা ২০০৬ ভঙ্গের অপরাধে চুয়াডাঙ্গার মোঃ হান্নানকে ৫ শ টাকা, মোঃ ইমন হোসেনকে ১ হাজার টাকা এবং মোঃ মশিউর রহমানকে ৫শ টাকা অর্থদন্ড করা হয়।

কুষ্টিয়ার ১৭টি ইটভাটাকে ৪২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারায় অভিযান পরিচালনা করে অবৈধভাবে ইটভাটা পরিচালনা ও কাঠ পোড়ানোর দায়ে ১৭টি ইটভাটা থেকে ৪২ লাখ ৫০ হাজার

টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার পরিবেশ অধিদপ্তর ঢাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট সাঈদা পারভীনের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়।

অভিযানে কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক আতাউর রহমান, সহকারী পরিচালক কমল কুমার বর্মণসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক আতাউর রহমান জানান, ভেড়ামারায় ১৭টি ইটভাটায় অভিযান চালিয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০১৩ সংশোধিত ২০১৯ আইন অনুযায়ী ৪২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এর মধ্যে এমএইচটি ইটভাটাকে ২ লাখ ৫০ হাজার টাকা, আরএমবি এবং এমআরআই ইটভাটাকে ২ লাখ ৫০ হাজার টাকা করে, মানিক ব্রিকসকে ২ লাখ টাকা, এমএইচ ব্রিকসকে ১ লাখ টাকা, এএমবি ব্রিকসকে ৪ লাখ টাকা, আরবিএফ ব্রিকসকে ২ লাখ টাকা, এমবিএফ ব্রিকসকে ৪ লাখ টাকা, বিবিএফ ব্রিকসকে ৪ লাখ টাকা এবং ফোর স্টারকে ১ লাখ ৫০ হাজার টাকা জরিমানাসহ মোট ১৭টি ইট ভাটায় জরিমানা করা হয়েছে।

তিনি আরও জানান, কুষ্টিয়া জেলায় মোট ১২৬টি ইটভাটা রয়েছে। যার মধ্যে মাত্র ১৮টি ইটভাটার বৈধ লাইসেন্স রয়েছে। অবৈধ এসব ইটভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।